

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর
কার্যক্রম [২.২]-এর আওতায়

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা/সেমিনারের কার্যবিবরণী:


সভাপতি : মহাপরিচালক (চলতি দায়িত্ব), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
স্থান : সভাকক্ষ (২য় তলা), তথ্য ভবন
তারিখ ও সময় : ১০ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি. বেলা ০২:০০ ঘটিকা

১.০ সভায় উপস্থিত সকলের তালিকা পরিশিষ্ট 'ক'।

২.০ সভায় আগত সকল কর্মকর্তা-কর্মচারীকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) সভাকে জানান, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) নির্দেশিকা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম [২.২]-এর আওতায় স্টেকহোল্ডারগণের সমন্বয়ে এ অবহিতকরণ সভা অনুষ্ঠিত হচ্ছে। এপিএ সূচকের আওতায় প্রতিটি কার্যক্রম নির্দিষ্ট সময়ে সম্পাদনের নির্দেশনা রয়েছে। নির্দেশনা অনুযায়ী প্রতিটি কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।


সভায় নিম্নোক্তভাবে আলোচনা হয় এবং গ্রহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়।

ক্র. নং	আলোচনা	গ্রহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	অংশীজন: গণযোগাযোগ অধিদপ্তর (ক) ডিএফপি কর্তৃক তৈরিকৃত জনসচেতনতা মূলক প্রামাণ্যচিত্র/ডকুড্রামা/ফিলার সারাদেশে প্রচার। (খ) ডিএফপি'র নিয়মিত প্রকাশনাসমূহ ওয়েবের মাধ্যমে প্রচার।	(ক) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক তৈরিকৃত জনসচেতনতা মূলক প্রামাণ্যচিত্র/ডকুড্রামা/ফিলার ৬৪টি জেলার ৬৮টি অফিসের মাধ্যমে সারাদেশে প্রচার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। (খ) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত নিয়মিত প্রকাশনাসমূহ ওয়েবের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	গণযোগাযোগ অধিদপ্তর/ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
০২	অংশীজন: বাংলাদেশ ফিল্ম আর্কাইভ (ক) বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবসের পোস্টার সংরক্ষণ। (ক) চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র ও সংবাদচিত্র সংরক্ষণ।	(ক) ডিএফপি কর্তৃক প্রকাশিত বিভিন্ন দিবসের পোস্টার বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষণ করা হবে। (খ) ডিএফপি কর্তৃক নির্মিত চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র ও সংবাদচিত্র বাংলাদেশ ফিল্ম আর্কাইভ সময়মত প্রেরণ করতে হবে।	বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ও চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর



ক্র. নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	অংশীজন: তথ্য অধিদফতর (ক) সোশাল মিডিয়ায় প্রচার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। (ক) ফ্রোড়পত্রের ম্যাটার পাঠানোর বিষয়ে কোনো সহযোগিতা লাগলে সংশ্লিষ্ট শাখায় দ্রুত যোগাযোগ করতে হবে।	(ক) সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক কার্যক্রমের উপর প্রচার সামগ্রী তৈরি করা হয় তা সোশাল মিডিয়ার মাধ্যমে প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। (ক) তথ্য অধিদফতরের ফিচার শাখা থেকে ম্যাটার সংগ্রহ এবং ডিজাইন পাঠানোর জন্য দুই দপ্তরের মধ্যে যোগাযোগ বৃদ্ধি করতে হবে।	তথ্য অধিদফতর এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
০২	অংশীজন: বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড (ক) বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড সেন্সর সনদ প্রদানের ক্ষেত্রে সহযোগিতা প্রদান।	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক নির্মিত চলচ্চিত্রসমূহের সেন্সর সনদ প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত হয়। এছাড়া একই ভবনে তিনটি দপ্তর থাকায় সকলের মধ্যে পারস্পরিক সম্পর্ক বৃদ্ধির মাধ্যমে বিভিন্ন সমস্যা সমাধান করার উদ্যোগ নিতে হবে।	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

৩.০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



স. ম. গোলাম কিবরিয়া
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৮৩৩১০৩৪

নং-১৫.৫৭.০০০০.০০১.১৬.০০৫.২১. ৭২৮

তারিখ: ২৭ ফাল্গুন, ১৪২৮
১০ ফেব্রুয়ারি, ২০২২

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, শাহবাগ, ঢাকা।
- ০৫। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ সেন্সর বোর্ড, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।
- ০৬। পরিচালক/সিনিয়র সম্পাদক/ উপপরিচালক/ সম্পাদক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর ঢাকা।
- ০৭। সহকারী পরিচালক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। অফিস কপি।
- ১০। ওয়েবসাইট।